# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৫-২০১৬/২২০(১২৫০) তারিখঃ ২৭-০৮-২০১৫

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
ঢাকা।

বিষয় ঃ জালনোট সনাক্তকরণ বুথ স্থাপন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (জাল ও অচলনোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ) এর ১৮-০৮-২০১৫ তারিখের পত্র নং-ডিসিএম(জালনোট)ঃ১০৭/২০১৫-৩৯৪৬ এর নির্দেশনা যথাযথ পরিপালন/অনুসরণের জন্য হুবহু মুদ্রণপূর্বক এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। বাংলাদেশ ব্যাংকের উক্ত পত্র মোতাবেক ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বাইরে শ্যামপুর গবাদি পশুর হাটে জাল নোট সনাক্তকরণ বুথ স্থাপন করতঃ জরুরী ভিত্তিতে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের নির্দেশানুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য শ্যামপুর গবাদি পশুর হাটের নিকটবর্তী এলাকায় অবস্থিত বিকেবি, জুরাইন শাখাকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের অনুরোধ করা হলো।

(ক) জালনোট সনাক্তকারী মেশিনের সহায়তায় অভিজ্ঞ ক্যাশ কর্মকর্তাদের দ্বারা গবাদি পশুর হাট শুরুর দিন হতে ঈদের পূর্বরাত পর্যন্ত বিরতিহীনভাবে পশু ব্যবসায়ীদেরকে বিনা খরচে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করতে হবে;

(খ) টোল আদায়ের ছাউনীর সম্মুখে "জালনোট সনাক্তকরণ বুথ -বাংলাদেশ কৃষি ব্যাংক, জুরাইন শাখা, ঢাকা" এই মর্মে একটি ব্যানার টানাতে হবে। উপরোক্ত স্পটে নির্ধারিত সময়সূচী অনুযায়ী শাখার ক্যাশের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী জালনোট সনাক্ত/যাচাইকরণের লক্ষ্যে জনসাধারণের চাহিদা মোতাবেক সেবা প্রদান করবেন।;

(গ) বুথ স্থাপন কার্যক্রমের সুবিধার্থে এবং নিরাপত্তাসহ সার্বিক সহযোগিতার জন্য প্রয়োজনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং মেট্রোপলিটন পুলিশ বিভাগের সংগে যোগাযোগ করতে হবে;

(ঘ) বুথে নোট যাচাইকালে কোন জাল নোট ধরা পড়লে তা বাংলাদেশ ব্যাংকের ০৪-০৭-২০০৭ তারিখের পরিপত্র নং-জাল নোটঃ০১(পলিসি)/২০০৭-১৯১ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঙ) হাটের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ও মোবাইল নম্বরসহ আপনার কার্যালয়ের একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর জরুরী ভিত্তিতে বাংলাদেশ ব্যাংককে অবহিতকরণপূর্বক অত্র বিভাগকে জানাতে হবে।

০২। গবাদি পশুর হাটে জালনোট সনাক্তকরণ কার্যক্রম চলাকালীন সময় জুরাইন শাখার লেনদেন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভাগীয় মহাব্যবস্থাপক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, ঢাকাকে উপরোক্ত বুথে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীর স্থলে অপর একজন কর্মকর্তা/কর্মচারীকে সাময়িকভাবে ক্যাশের দায়িত্বে নিয়োজিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

২৭/৮/১৫

সংযুক্তিঃ বর্ণনামতে।

(এ, আর, এম আনিস উজজামান)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৫-২০১৬/২২০(১২৫০) তারিখঃ ২৭-০৮-২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মিরপুর, ঢাকা।
৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিকেবি, জুরাইন শাখাসহ অন্যান্য সংশ্লিষ্ট শাখায় ইতিপূর্বে জালনোট সনাক্তকারী মেশিন **(Ultra Violet Ditector)** সরবরাহ করা না হলে জরুরীভিত্তিতে একটি মেশিন সরবরাহ করার জন্য প্রকিউরমেন্ট বিভাগকে অনুরোধ করা হলো।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক(মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, ঢাকা ব্যতীত)। তাঁদেরকে বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের অনুচ্ছেদ নং- ঘ, ঙ, চ ও ছ এর নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। তাছাড়াও, ঢাকা মুখ্য অঞ্চলসহ যে সকল অঞ্চলাধীন শাখায় গ্রাহকদের জন্য টিভি মনিটর আছে সেগুলোতে পুরো সেপ্টেম্বর/১৫ মাসে ব্যাংকিং সময়ে এবং আগস্ট/১৫ ও অক্টোবর/১৫ মাসে দিনে অন্তত ৪/৫ বার আসল ব্যাংক নোটের বৈশিষ্ট্য সম্বলিত ভিডিওচিত্র প্রচার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক(মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধমে)।
১২। নথি/মহানথি।

২৭/০৮/১৫

(মোঃ শাহজাহান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৮৭২৩৬

Shajahan-agm-bcbd-A4/M-2

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

সূত্র নং- ডিসিএম(জালনোট)ঃ১০৭/২০১৫-                                                   তারিখঃ ১৮/০৮/২০১৫

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৫৫৫ তাং ২৬.০৮.১৫
✓ ডিএমডি
✓ প্রধান Audit & ICC
★ সিজিএম.........
★ চীফ স্টাফ অফিসার
★ প্রয়োজনীয় পদক্ষেপ নিন
★ সত্বর কার্যপত্র পেশ করুন
★ নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করুন
★ আলাপ করুন
ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা ।

উপ-প্রধান-প্রনিবি-১/প্রনিবি-২/মনিবি/হিসাব সমন্বয়/বৈদেশিক-২/পরিদর্শন নিরীক্ষা/গবেষণা ও পরিসংখ্যান

মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীন নিয়ন্ত্রণ মহাবিভাগ

প্রিয় মহোদয়,

**জালনোট প্রতিরোধ কার্যক্রম প্রসংগে।**

ঢাকা সিটি কর্পোরেশনের বাইরে শ্যামপুর-গাবতলী পশুর হাটে জালনোট সনাক্তকরণ বুথ স্থাপন করতঃ নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণের জন্য (বিনা ব্যর্থতায়) আপনাদেরকে অনুরোধ করা হলোঃ-

(ক) জালনোট সনাক্তকারী মেশিনের সহায়তায় অভিজ্ঞ ক্যাশ কর্মকর্তাদের দ্বারা হাট শুরুর দিন হতে ঈদের পূর্বরাত পর্যন্ত বিরতিহীনভাবে পশু ব্যবসায়ীদেরকে বিনা খরচে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান;

(খ) হাটের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বরসহ আপনাদের ব্যাংকের নিয়ন্ত্রণকারী একজন উপযুক্ত কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর জরুরী ভিত্তিতে এত্র বিভাগকে অবহিত করা। নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হাটে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের কার্যাদি মনিটর করবেন;

(গ) বুথ স্থাপন কার্যক্রমের সুবিধার্থে এবং নিরাপত্তাসহ সার্বিক সহযোগিতার জন্য প্রয়োজনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এবং মেট্রোপলিটন পুলিশ বিভাগের সাথে যোগাযোগকরণ;

(ঘ) বুথে নোট যাচাইকালে কোন জালনোট ধরা পড়লে তা এত্র বিভাগের ০৪.০৭.২০০৭ তারিখের পরিপত্র নং-.জালনোটঃ০১(পনিনি)/২০০৭-১৯১ মোতাবেক ব্যবস্থা গ্রহণ;

(ঙ) ব্যাংকের নাম ও তার সাথে "জালনোট সনাক্তকরণ বুথ" উল্লেখপূর্বক ব্যানার/ নোটিশ প্রদর্শন;

(চ) ঢাকার বাইরে যে সকল জেলায় বাংলাদেশ ব্যাংকের অফিস রয়েছে সেখানে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/ পৌরসভার অনুমোদিত পশুর হাটসমূহে স্থানীয় বাংলাদেশ ব্যাংকের নেতৃত্বে অনুরূপ ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদের আঞ্চলিক কার্যালয়/ প্রধান শাখাসমূহকে নির্দেশনা প্রদান;

(ছ) অন্যান্য জেলাসমূহের পৌরসভা ও থানার অনুমোদিত পশুর হাটে বিভিন্ন ব্যাংকের এতদসংক্রান্ত দায়িত্ব বন্টনের জন্য সোনালী ব্যাংক লিঃ এর চেস্ট শাখাগুলোকে দায়িত্ব দেয়া হয়েছে। সোনালী ব্যাংক লিঃ কর্তৃক বন্টিত দায়িত্ব অনুযায়ী আপনাদের ব্যাংকের জেলা ও উপজেলা পর্যায়ের শাখাসমূহ যাতে পশুর হাটগুলোতে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করে সে বিষয়ে সংশ্লিষ্টদেরকে প্রয়োজনীয় নির্দেশনা দান।

তাছাড়া, আপনাদের ব্যাংকের যে সকল শাখায় গ্রাহকদের জন্য টিভি মনিটর আছে সেগুলোতে পুরো সেপ্টেম্বর/১৫ মাসে ব্যাংকিং সময়ে এবং আগস্ট/১৫ ও অক্টোবর/১৫ মাসে দিনে অন্ততঃ ৪/৫ বার আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিওচিত্র প্রচার নিশ্চিত করার জন্যও অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(পরিমল চন্দ্র চক্রবর্ত্তী)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৩২

মহাব্যবস্থাপক : নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ
ডাইরী নং : ১৯৯
বিলির তারিখ : ২৫/০৮/১৫
স্বাক্ষর :